



DRMC GAMES & SPORTS CLUB

DHAKA RESIDENTIAL MODEL COLLEGE



ক্লাব পরিচালন নির্দেশিকা

ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ

১. ক্লাবের নাম : ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ গেমস অ্যান্ড স্পোর্টস ক্লাব
(ডি.আর.এম.সি. জি.এস.সি.)

২. ক্লাবের ইতিহাস : ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ গেমস অ্যান্ড স্পোর্টস ক্লাবের জন্ম ২০১৭ সালে জানুয়ারি মাসে। এইচ.এস.সি. ২০১৭ ব্যাচের ছাত্রদের হাত ধরে পথচলা শুরু হয় গেমস অ্যান্ড স্পোর্টস ক্লাবের। ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ সর্বদাই সেরা খেলোয়াড়দের আতুঁড়ধর। জন্মলগ্ন থেকে এখন পর্যন্ত সেটাকে ধরে রাখাই আমাদের একমাত্র লক্ষ্য। ধীরে ধীরে জাতীয় পর্যায়ে আমাদের ক্লাবের আমাদের অবস্থান আমরা শক্তিশালী করছি। আমাদের এই পথচলায় আপনাদের স্বাগতম।

৩. ক্লাবের উদ্দেশ্য : জাতীয় ও আন্তর্জাতিক মানের খেলোয়াড় তৈরি

৪. ক্লাবের লক্ষ্যসমূহ : ছাত্রদের খেলাধুলায় আগ্রহীকরণ, শারীরিক ও মানসিক অবসাদ দূরীকরণ, খেলাধুলার মাধ্যমে চারিত্রিক গুণাবলি অর্জন করে আদর্শ নাগরিক তথা ভালো মানুষ তৈরি করা ইত্যাদি।

৫. ক্লাবের সাংগঠনিক কাঠামো :

সাংগঠনিক কাঠামো: মডারেটর হিসাবে দায়িত্ব প্রাপ্ত শিক্ষক এবং ছাত্রদের নিয়ে গঠিত কার্যনির্বাহী প্যানেলের সমন্বয়ে গঠিত হয় সাংগঠনিক কাঠামো।



DRMC GAMES & SPORTS CLUB

DHAKA RESIDENTIAL MODEL COLLEGE



বিভিন্ন পদে নিয়োগ প্রক্রিয়া: মডারেটর এবং কাযনির্বাহী পরিষদের সদস্যদের আলোচনা এবং ছাত্রদের ইন্টারভিউ নেওয়ার মাধ্যমে বিভিন্ন পদে নিয়োগ করা হয়ে থাকে।

ক্লাব মডারেটর নিয়োগ: কলেজ কর্তৃপক্ষের সিদ্ধান্ত ক্রমে শিক্ষক দের মধ্যে থেকে ক্লাব মডারেটর নির্ধারিত হন।

৬. ক্লাবের কর্মকাণ্ড সমূহ :

খেলোয়াড়দের নিয়মিত প্রশিক্ষণ

খেলোয়াড় বাছাই ও ট্যালেন্ট হান্ট

বিভিন্ন খেলা সম্পর্কিত কর্মশালা আয়োজন

স্কুল ও কলেজ টিম নির্ধারণ

জাতীয় স্পোর্টস ফেস্ট আয়োজন

অভ্যন্তরীণ ও বহিরাঙ্গন খেলায় অংশগ্রহণ

৭. ক্লাবের কর্মসূচি :

পাশ্চিক : নিয়মিত মূল ক্রিকেট, ফুটবল, বাস্কেটবল দলের প্রশিক্ষণ

মাসিক : প্রতি মাসে অন্তত একটি খেলার সংক্রান্ত সেশন

ষান্মাসিক : একটি ইন্ট্রা দাবা, টেবিল টেনিস টুর্নামেন্ট আয়োজন করা

বাৎসরিক : আন্তঃহাউজ ক্রিকেট, ফুটবল, বাস্কেটবল, ব্যাডমিন্টন, হ্যান্ডবল, ভলিবল, অ্যাথলেটিক্স, দাবা আয়োজন করা। একটি জাতীয় স্পোর্টস ফেস্ট আয়োজন করা।



DRMC GAMES & SPORTS CLUB

DHAKA RESIDENTIAL MODEL COLLEGE



৮. জাতীয় বা আন্তর্জাতিক অনুষ্ঠান করার ক্ষেত্রে চেক লিস্ট :

তারিখ নির্ধারণ: ডিসেম্বর ২০২২-জানুয়ারি ২০২৩

প্রধান অতিথি নির্ধারণ ও তার কাছ থেকে তারিখ ও সময় চূড়ান্তকরণ: সাকিব আল হাসান (অধিনায়ক, বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল), জামাল ভুঁইয়া (অধিনায়ক, বাংলাদেশ জাতীয় ফুটবল দল)

অনুষ্ঠানসূচি নির্ধারণ:

দাওয়াত পত্র প্রেরণ: আমরা ব্যক্তিগতভাবে আমাদের প্রতিনিধি পাঠিয়ে আমাদের প্রধান অতিথি এবং বিভিন্ন প্রতিষ্ঠানের অংশগ্রহণকারীদের আমন্ত্রণ জানাই। আমন্ত্রণপত্রে প্রতিটি অনুষ্ঠানের সময়সূচী, ইভেন্ট তালিকা এবং বিভিন্ন পুরস্কার অন্তর্ভুক্ত রয়েছে।

স্পনসর নির্ধারণ: ইভেন্টের স্পনসর পূর্বনির্ধারিত নয়। আমরা আমাদের অর্থায়নের জন্য বিভিন্ন সংস্থা এবং ব্যবসা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করি। পৃষ্ঠপোষক এবং অংশীদাররা তাদের অবদানের উপর নির্ভর করে বিভিন্ন প্রকারে বিভক্ত। যেমন 'টাইটেল স্পনসর', 'গোল্ড স্পনসর' 'ফুড পার্টনার' ইত্যাদি।

Arefin Fahim
President, DRMCGSC

Md. Faruq Hossain
Moderator, DRMCGSC

Mohammed Nurunnabi
Co-Ordinator, DRMCGSC